

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

২৯ কার্তিক ২৪৩১

নং-২২.০২.০০০০.০১২.২৩.০০২.২৪-৩৭৫

তারিখঃ -----

১৪ নভেম্বর ২০২৪

জাতীয় পরিবেশ পদক-২০২৪

পরিবেশ উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পরিবেশ পদক নীতিমালা, ২০১২ অনুযায়ী যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে জাতীয় পরিবেশ পদক ২০২৪-এর আবেদন আহ্বান করা যাচ্ছে। নীতিমালা অনুযায়ী নিম্নোক্ত ক্যাটাগরিসমূহে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০৩টি করে মোট ৬ (ছয়)টি পদক প্রদান করা হবে।

পর্যায়	পদকের শ্রেণী	পুরস্কার	সংখ্যা
(ক) ব্যক্তিগত	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		
(খ) প্রাতিষ্ঠানিক	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		

বিজয়ী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠান অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে এ পদক প্রদান করা হবে। বাংলাদেশে পরিবেশ উন্নয়নে অসামান্য এবং অনুসরণীয় অবদান রেখেছেন এমন যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত পদকের জন্য আবেদন করতে পারবেন।

এমতপ্রেক্ষিতে, পরিবেশ পদক ২০২৪ এর জন্য আগ্রহী উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজের অথবা উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে নির্ধারিত আবেদন ফরমে আগামী ৩১ জানুয়ারী ২০২৫ তারিখের মধ্যে পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/বিভাগ/মহানগর কার্যালয়ে আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। আবেদনের নির্ধারিত ফরম পরিবেশ অধিদপ্তরের যে কোনো অফিস বা অধিদপ্তরের ওয়েবসাইট www.doe.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর